The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 835 | 13 September 2024 | শুক্রবার ২৯ ভাদ্র ১৪৩১



Mayor Adams declines to express confidence in police chief
>> Page 25

Street closures for the UN General Assembly
>> Page 24



Bangladesh at 50 years with the United Nations
>> Page 24

Street vendors gather in Corona to protest alleged harassment by NYPD
>> Page 25



# সংস্কার ও সংলাপের পর নির্বাচন

মাসুদ করিম, *ঢাকা থেকে*








রাষ্ট্র সংস্কারের পর রাজনৈতিক সংলাপ এবং এরপর নির্বাচনে যাবে সরকার। বৃহস্পতিবার উপদেষ্টা পরিষদের সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে বৈঠকটি অনুষ্ঠিত হয়। এতে দেশের সার্বিক পরিস্থিতি নিয়েও আলোচনা হয়েছে। বাংলাদেশের রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে দলীয় প্রভাব মুক্ত করার লক্ষ্যে সর্বত্র সংস্কারের ঢেউ লেগেছে। নির্বাচন কমিশনকে ক্ষমতায় টিকে থাকার হাতিয়ার হিসাবে ব্যবহার, রাজনীতির প্রভাব খাটিয়ে দুর্নীতি, অর্থনীতিকে জোরদার করা বন্ধ সহ বিভিন্ন ক্ষেত্রে সংস্কার কার্যক্রম শুরু হয়েছে। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস রাষ্ট্র সংস্কারের প্রাথমিক পদক্ষেপ হিসাবে ছয়টি কমিশন গঠন করেছেন। নির্বাচন কমিশনে ড. বদিউল আলম মজুমদার, পুলিশে সরফরাজ হোসেন, বিচার বিভাগে শাহ আবু নাঈম মমিনুর রহমান, দুদকে ড. ইফতেখারুজ্জামান, জনপ্রশাসনে আবদুল মুয়ীদ চৌধুরী এবং সংবিধানে ড. শাহদীন মালিককে প্রধান করে কমিশনগুলো ঘোষণা করা হয়েছে। তারা তিন মাসের মধ্যে সংস্কার করার জন্যে সুপারিশ প্রণয়ন করবেন। সেটা বাস্তবায়ন করবে অন্তর্বর্তী সরকার।

সংস্কারের জন্য সরকার যে ছয়টি কমিশন গঠন করেছে, সেগুলো তিন মাসের মধ্যে প্রতিবেদন দিতে পারবে বলে আশা করছে সরকার। *এরপর ২৮ পৃষ্ঠায়*

সমালোচনার মুখে খালেদ মাহিউদ্দীন

## ড. ইউনূসের নোবেল নিয়ে কটাক্ষ !





আজকাল রিপোর্ট

ড.মুহাম্মদ ইউনূস সম্পর্কে নেতিবাচক মন্তব্য করায় খালেদ মহিউদ্দীনকে নিয়ে সমালোচনার ঝড় বইছে নিউইয়র্কে। অনেকে মহিউদ্দীনের বক্তব্যের তীব্র প্রতিবাদ করেছেন। তার মন্তব্যের প্রতিবাদে অনুষ্ঠিত হয়েছে বিক্ষোভ সভাও। গত রোববার জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলমের উদ্যোগে এক মতবিনিময় সভায় *এরপর ৪৫ পৃষ্ঠায়*

## ক্যাথি হোকুল স্কিন ক্যান্সারে আক্রান্ত



আজকাল রিপোর্ট

নিউইয়র্কের গভর্নর ক্যাথি হোকুল (৬৬) স্কিন ক্যান্সারে আক্রান্ত হয়েছেন। গভর্নর সাংবাদিকদের বলেন, কয়েক সপ্তাহ আগে রুটিন চেকআপের সময় তাঁর ডাক্তার নাকের *এরপর ৪৫ পৃষ্ঠায়*

প্রেসিডেনসিয়াল ডিবেট

# কমালা ঝড়ে ট্রাম্পের ধস

হাসান মাহমুদ

১০ সেপ্টেম্বর অনুষ্ঠিত হলো যুক্তরাষ্ট্রের দুই প্রেসিডেন্ট প্রার্থীর মধ্যে প্রথম টেলিভিশন বিতর্ক। এদিন রাত ৯ টায় মুখোমুখি হয়েছিলেন রিপাবলিকান দলীয় প্রার্থী সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং বর্তমান ভাইস প্রেসিডেন্ট ডেমোক্র্যাটিক দলের প্রার্থী কমালা হ্যারিস। কমালা হ্যারিস বিতর্ক মঞ্চে প্রবেশ করেই এগিয়ে গিয়ে ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে হাত মেলান। ফিলাডেলফিয়ার ন্যাশনাল কনস্টিটিউশন সেন্টারে প্রভাবশালী গণমাধ্যম





'এবিসি নিউজ' আয়োজিত এআ প্রেসিডেন্ট বিতর্ক নিয়ে এখন যুক্তরাষ্ট্র জুড়ে চলছে তুমুল আলোচনা-পর্যালোচনা। ডিবেট রেটিং ড্যাটা অনুসারে দেখা যায়, বর্তমান ভাইস প্রেসিডেন্ট কমালা হ্যারিস এবং সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যে অনুষ্ঠিত এই বিতর্ক ৬ কোটিরও বেশি মানুষ টেলিভিশনে সরাসরি দেখেছেন। ট্রাম্পের সঙ্গে বাইডেনের বিতর্ক বিপর্যয়ে পর কোটি কোটি মানুষ এবার অপেক্ষায় ছিলেন কমালা হ্যারিস কিভাবে বিতর্কের মঞ্চে ট্রাম্পকে মোকাবিলা করেন তা দেখার জন্য। প্রকৃতপক্ষে এবারের বিতর্ক *এরপর ২৬ পৃষ্ঠায়*

## ২৬ সেপ্টেম্বর ড. ইউনূসের সংবর্ধনা

আজকাল রিপোর্ট

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনূস জাতিসংঘ সাধারণ অধিবেশনে অংশ নিতে নিউইয়র্কে আসছেন। জাতিসংঘের ৭৯তম সাধারণ অধিবেশনে আগামী ২৬ সেপ্টেম্বর তাঁর ভাষণ দেওয়ার কথা রয়েছে। এর আগে বিভিন্ন সাইড মিটিং এবং যুক্তরাষ্ট্র *এরপর ২০ পৃষ্ঠায়*

এফবিআই অভিযানের জের

## নিউইয়র্কের পুলিশ কমিশনার ক্যাবানের পদত্যাগ



*ডনলন* *ক্যাবান*

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের পুলিশ কমিশনার এডওয়ার্ড ক্যাবান গতকাল বৃহস্পতিবার দুপুরে পদত্যাগ করেছেন। আজ শুক্রবার থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে বলে জানা গেছে। ফেডারেল গোয়েন্দা সংস্থা *এরপর ৩৮ পৃষ্ঠায়*

## হাসিনার পথেই মমতা, পদত্যাগে রাজি

আজকাল ডেস্ক




আন্দোলনের মুখে পদত্যাগ করতে রাজি আছেন বলে জানিয়েছেন ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, তিনি পদত্যাগ করতে রাজি আছেন। কিন্তু কেউ কেউ বিচার চান না। চান ক্ষমতার চেয়ার। ১২ সেপ্টেম্বর (বৃহস্পতিবার) ভারতীয় সংবাদমাধ্যম আনন্দবাজারের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, চিকিৎসকদের সঙ্গে বৈঠকের জন্য নবান্নের সভাঘরে দুই ঘণ্টার বেশি সময় বসে ছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কিন্তু বৈঠক হয়নি না। এরপর নবান্ন থেকে সাংবাদিকদের মমতা এ কথা বলেন। ভারতের আরজি কর-কাণ্ডের প্রতিবাদে গত মঙ্গলবার থেকে স্বাস্থ্য ভবনের সামনে অবস্থান নিয়েছেন জুনিয়র চিকিৎসকরা। এর আগে পরপর দুদিন তাদের সঙ্গে বৈঠকে বসতে চেয়েছিলেন মুখ্যমন্ত্রী। বৃহস্পতিবার তৃতীয় বারের জন্য বৈঠকের ডাক দিলেও তা হয়নি। *এরপর ৩৮ পৃষ্ঠায়*

ফাহিম হত্যাকাণ্ড

## ৪০ বছরের জেল হাসপিলের



*নিহত ফাহিম ও হত্যাকারী*

আজকাল রিপোর্ট

বাংলাদেশি বংশোদ্ভূত ফাহিম সালেহ (৩৩) হত্যাকাণ্ডে অভিযোগ প্রমাণিত হওয়ায় ২৫ বছর বয়সী টাইরেস হাসপিলকে ৪০ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। স্থানীয় সময় মঙ্গলবার নিউ ইয়র্কের ম্যানহাটনের একটি আদালতের বিচারক *এরপর ২৬ পৃষ্ঠায়*

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312033

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St. Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MHC

# Marks Home Care

# মার্কস্ হোম কেয়ার

আমরা নূতন গ্রাহক এবং
এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করিছি।

**We Welcome Agency Transfers and New Clients.**



- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

বিস্তারিত জানতে কল করুন

## 718-734-8777

E-mail : info@markshhc.com | www.markshhc.com

**Bronx**
1232 Virginia Ave, Bronx, NY 10472
1514 Castle Hill Ave, Bronx, NY 10462
2002 Mcgraw Ave, Bronx, NY 10462
721 E Tremont Ave, Bronx, NY 10457

**Brooklyn**
219 Church Ave, Brooklyn, NY 11218
1208 Liberty Ave, Brooklyn, NY 11208
1122 Coney Island Ave Suite 220 (2nd Fl.), Brooklyn, NY 11230
1104 Liberty Ave, Brooklyn, NY 11208
6910 5th Ave (2nd Fl.), Brooklyn NY 11209
1061 Flatbush Ave, Brooklyn NY 11226

**Hicksville**
217 Bethpage Road, Hicksville, NY 11801

**Binghamton**
61 Washington Ave, Endicott, NY 13760

**Queens**
40-04 Junction Blvd, Corona, NY 11368
37-20 74th Street, Jackson Heights, NY 11372
148-37 Hillside Ave, Jamaica, NY 11435

**Rochester**
504 W Main St, Rochester, NY 14608

**Manhattan**
1791 Lexington Ave, New York, NY 10029
1267 St Nicholas Ave, New York, NY 10033

**Buffalo**
1049 Broadway St. Suite # 4, Buffalo, NY 14212
96 Grant St. Buffalo. NY 14213

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

**We speak Spanish, Urdu, Hindi & Arabic**



আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

**1217 Liberty Avenue, Brooklyn, NY 11208**

# সরকারকে যেসব বিষয়ে মনোযোগ দিতে হবে

আনু মুহাম্মদ

দীর্ঘ স্বৈরশাসন আমলে খুন-গুমের হিসাব এখনো যথাযথভাবে হয়নি। দেশের প্রতিটি অঞ্চলে পুলিশ, র‍্যাব কিংবা সরকারি দলের বিভিন্ন সন্ত্রাসী দখলদার বাহিনীর হাতে যত মানুষ খুন হয়েছে, জখম হয়েছে, তার বিচারকাজ অনেক বাকি। ত্বকী, তনু, সাগর-রুনি, মুনিয়ার হত্যাকাণ্ড খুবই আলোচিত, সেগুলোর বিচার দ্রুত সম্পন্ন হবে, সেটাই সবাই আশা করছেন, বাকিগুলোও দ্রুত শুরু করতে হবে।


আমি এখানে বিশেষভাবে পুলিশ ও সরকারি গুন্ডা বাহিনীর হাতে খুন জখম হওয়া শ্রমিকদের বিষয়ে একটি তদন্ত প্রতিবেদন ধরে কথা বলছি। গত বছরের অক্টোবর-নভেম্বরে মজুরি আন্দোলনের সময়ে শ্রমিকদের ওপর পাইকারি হামলা গুলিবর্ষণ করেছিল পুলিশ ও সরকারি সন্ত্রাসী বাহিনী। এগুলো এতই নির্বিচার ছিল যে নিহত ও আহত হয়েছেন পথচারীরাও।

আমরা জানি, দেশে কোনো জাতীয় ন্যূনতম মজুরি নেই। অর্থনীতির এবং মালিকদের মুনাফার প্রবৃদ্ধি ঘটলেও বিভিন্ন খাতে যে মজুরি চালু আছে, তার যুক্তিসংগত প্রবৃদ্ধি ঘটেনি। সে কারণেই উৎপাদন ও রপ্তানির দিক থেকে বাংলাদেশে তৈরি পোশাক খাত অন্য অনেক দেশের তুলনায় এগিয়ে থাকলেও আমাদের শ্রমিকদের মজুরি বিশ্বে সর্বনিম্ন। এরপরও মজুরি বকেয়া থাকে, যৌক্তিক মজুরির জন্য শ্রমিকদের রাস্তায় নামতে হয়। বিনিময়ে পাওয়া যায় হামলা, মামলা ও গুলি!

দারিদ্র্যসীমার আয়, মূল্যস্ফীতি এবং প্রকট আয়বৈষম্যের মধ্যে এবারের ঘোষিত মজুরিও কোনোভাবেই গ্রহণযোগ্য ছিল না। পুলিশ, বিজিবি ও সন্ত্রাসী বাহিনীর চাপের মুখে সেই কম মজুরি শ্রমিকদের ওপর চাপিয়ে দেওয়া হয়েছে। তার ওপর কমিউনিটি পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, থানার পুলিশ, বিজিবি, এমনকি গ্রেপ্তারের ক্ষমতা দেওয়া আনসার, গোয়েন্দা সংস্থা এবং এলাকার ছাত্রলীগ-যুবলীগদের বাহিনী দিয়ে একযোগে শ্রমিকদের ওপর সাঁড়াশি আক্রমণ চালানো হয়েছে।

এর কারণে গত বছর ৩০ অক্টোবর গাজীপুরে পুলিশের গুলিতে রাসেল হাওলাদার ও আগুনে পুড়ে ইমরান হোসেন, ৮ নভেম্বর পুলিশের গুলিতে আঞ্জুয়ারা বেগম ও জালাল উদ্দিন নিহত হন। সরকারের পক্ষ থেকে এর তদন্ত ও বিচারের বদলে উল্টো হাজার হাজার শ্রমিকের বিরুদ্ধে মামলা দিয়ে ত্রাস সৃষ্টি ও পুলিশের জন্য আটক-বাণিজ্যের ব্যবস্থা করা হয়। আগেও ঘটেছে এ রকম। কিন্তু সেগুলোরও কোনো তদন্ত ও বিচার হয়নি।

বারবার এ রকম ঘটনার পরিপ্রেক্ষিতে আমরা অনেক প্রশ্নের সম্মুখীন হই। যেমন শ্রমের বিনিময়ে প্রাপ্য ন্যূনতম মজুরি চাওয়ার পরিণামে শিল্পাঞ্চল রক্তাক্ত হয় কেন? কেন অকালমৃত্যু হয় নারী-পুরুষের? কেন জখম হন শত শত শ্রমিক? কেন প্রতিবছর ন্যূনতম মজুরি চাইতে আন্দোলনে নামতে হয়? কেন রাষ্ট্র তার সব রকম সংস্থা নিয়ে সব সময়ই শ্রমিকদের বিরুদ্ধে অবস্থান নেয়? পুলিশসহ নানা বাহিনী কি প্রচলিত আইনও মান্য করে? কীভাবে মালিকেরা সন্ত্রাসী বাহিনী দিয়ে শ্রমিকদের ওপর হামলা হুমকি চালান?



এসব প্রশ্নের উত্তর সন্ধানে নাগরিকদের পক্ষ থেকে আমরা গত ২২ মার্চ 'মজুরি আন্দোলনে শ্রমিক হতাহতে গণতদন্ত কমিটি' গঠন করি। আইনজীবী, শ্রমিক সংগঠক, অর্থনীতিবিদ, লেখক, গবেষক সমন্বয়ে গঠিত হয় এই কমিটি। আমরা এসব প্রশ্নের উত্তর অনুসন্ধান করতে প্রকাশিত খবর, লেখালেখি, রিপোর্ট পর্যালোচনার পাশাপাশি শ্রমিক, মালিক, পুলিশসহ সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের বক্তব্য গ্রহণ করার চেষ্টা করেছি। নিহত ও আহত শ্রমিক পরিবারসহ প্রত্যক্ষদর্শীদের সাক্ষাৎকারও গ্রহণ করা হয়েছে। প্রশাসন ও পুলিশ কর্মকর্তাদের অসহযোগিতার মধ্যেই এই তদন্তকাজ করতে হয়েছে।

গণতদন্ত কমিটির অনুসন্ধানের মধ্য দিয়ে প্রাপ্ত তথ্য, বিভিন্ন ব্যক্তির ভাষ্য, দলিলপত্র, সংবাদপত্রের রিপোর্ট, সাক্ষাৎকার-সবকিছু পর্যালোচনা করে আমরা একমত সিদ্ধান্তে এসেছি যে:

১. মজুরি এবং কারখানায় নানাবিধ অন্যায় অবিচারে শ্রমিকদের ক্ষুব্ধ হওয়ার যথেষ্ট কারণ আছে।

২. কিন্তু এ বিষয়ে যথাযথভাবে নিজেদের মত ও অভিযোগ জানানোর জন্য সংগঠন বা স্বাধীন ট্রেড ইউনিয়ন নেই। এগুলো করার পথে পর্বতপ্রমাণ বাধা তৈরি করে রাখা আছে।

৩. মালিকপক্ষের স্বার্থরক্ষা ছাড়া শিল্প পুলিশের আর কোনো ভূমিকা দেখা যায় না। মালিক নিয়োজিত সন্ত্রাসী বাহিনীর সঙ্গে রাষ্ট্রীয় বাহিনীও শ্রমিকদের ওপর আক্রমণাত্মক ভূমিকাই পালন করে। প্রশাসনকে একই ভূমিকায় দেখা যায়।

৪. আলোচ্য শ্রমিক হতাহতের ঘটনায় প্রধান দায় রাষ্ট্রের প্রশাসন, পুলিশ ও মালিকপক্ষের। তারা বিদ্যমান আইনও লঙ্ঘন করেছে।

সামগ্রিক তদন্তের মাধ্যমে যেসব বিষয়ে পরিবর্তন আবশ্যক, সেগুলো চিহ্নিত করে আমরা সরকারের উদ্দেশে সুপারিশমালা উপস্থাপন করেছি। গত কয়েক মাসে দেশের রাজনৈতিক পরিস্থিতি, রাষ্ট্রীয় নৃশংসতা, পুলিশসহ রাষ্ট্রীয় বাহিনীর ভূমিকা আমাদের সামনে এর পর্যালোচনা ও পরিবর্তনের যে তাগিদ উপস্থিত করেছে, তাতে এই সুপারিশমালা প্রাসঙ্গিক হবে বলে মনে করি। সুপারিশমালায় আছে:

১. শ্রমিক হত্যার যথাযথ তদন্ত করে দায়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে এরপর ২০ পৃষ্ঠায়



> শিক্ষার্থী-গণ-অভ্যুত্থানে গত ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতন ঘটেছে। জুলাই-আগস্ট আন্দোলনকালে পুলিশ কিংবা অন্য বাহিনীগুলোর আইনবহির্ভূত হত্যাকাণ্ড নিয়ে বিশ্বজুড়ে নিন্দার ঝড় উঠেছে। এতে শতাধিক শ্রমিকসহ হাজারখানেক মানুষ নিহত হয়েছেন, আহত হয়েছেন বহু হাজার। এর মধ্যে সংখ্যাগরিষ্ঠ মানুষই শ্রমজীবী পরিবারের। বৈষম্যহীন বাংলাদেশ গড়তে তাদের স্বার্থ তাদের অধিকার অন্যতম প্রধান বিবেচনা হতে হবে। কিন্তু বিদ্যমান আইন, বিধিবিধান এবং রাষ্ট্রের দৃষ্টিভঙ্গির পরিবর্তন না হলে বৈষম্য দমন-পীড়ন নৃশংসতার অবসান হবে না। এই সুপারিশমালার বাস্তবায়ন এই পরিবর্তনের সূচনা করতে পারে

# শোষকের দোসর যখন বুদ্ধিজীবী

ইলিয়াস হোসেন

> বরাদ্দের অভাবে তালা ঝুলছে পাঠাগারে। অথচ এক ব্যক্তি, এক পরিবার নিয়ে মতলবি লেখা হাজার হাজার বই কিনেছে সরকার। সে বইয়ের বেশিরভাগেরই প্যাকেট খুলে দেখেনি সাধারণ পাঠক। এর সবকিছুই বুমেরাং হয়ে ফিরে এসেছে। সত্যজিৎ রায়ের 'হীরক রাজার দেশে' সিনেমার ভক্তরা তথাকথিত সংবাদ মাহফিলে দিনের পর দিন প্রশংসা করেছেন শেখ হাসিনার। এ বৈপরীত্য, শুধু নষ্ট প্রতিভার পক্ষেই সম্ভব। শিল্প-সাহিত্য-সংস্কৃতি-গণমাধ্যমের এসব পচে গলে যাওয়া ব্যক্তিদের চিকিৎসা প্রয়োজন। সুস্থ না হলে প্রয়োজনে তাদের বাদ দিয়ে এগিয়ে যেতে হবে। শূন্য থেকে শুরু করবে তারুণ্য। সুস্থ, সুন্দর, দ্রোহের জন্য সুকুমার বৃত্তির চর্চা জরুরি। এসব ছাড়া মানবতা বিকশিত হয় না। সময়ের চাহিদা পূরণে শুরু হোক পূর্ণ সাধনা



ঐতিহাসিকভাবেই দুনিয়াজুড়ে শিল্পী-সাহিত্যিক-দার্শনিক-সাংবাদিক সমাজ মানবতাবাদী হয়ে থাকে। সবসময় নিপীড়িতের পক্ষে অবস্থান নেয় তারা। এ নিয়ে নানা কিংবদন্তি গল্প প্রচলিত আছে। স্বাধীনতা-সার্বভৌমত্ব-মানবাধিকার প্রশ্নে সোচ্চার সংস্কৃতিকর্মীরা জীবন দিতেও দ্বিধা করেন না। এই বোধ নিয়ে জন্ম বা দীক্ষা নেওয়ায় অন্যদের মতো হিসেবি-সংসারী পেশাজীবী হন না তারা। বঞ্চিত-দলিত-সর্বহারাদের পক্ষ নিয়ে অনেক শিল্পীকে নিরাপদ ও আয়েশি জীবনও ত্যাগ করতে দেখা গেছে। জালিয়ানওয়ালাবাগ ট্র্যাজেডির প্রতিবাদে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরও ব্রিটিশের দেওয়া 'নাইট' উপাধি ছুড়ে ফেলে মুক্তিকামীদের সঙ্গে সংহতি জানিয়েছিলেন। বাংলাদেশও এর ব্যতিক্রম ছিল না। ব্রিটিশবিরোধী আন্দোলন থেকে ৭১-এর মুক্তিযুদ্ধ, নব্বইয়ের স্বৈরাচারবিরোধী গণঅভ্যুত্থানেও সে ধারা বজায় ছিল। যে কারণে সৃষ্টিশীল মানুষগুলোকে সবসময় সম্মান দিয়ে এসেছে দেশবাসী। শিল্পী-সাহিত্যিকদের তারকাখ্যাতি যুক্ত করে গণমানুষের সংগ্রামকে উজ্জীবিত করা হয়েছে। এতে তাদের জনপ্রিয়তা আরও বেড়েছে। কিন্তু গত দেড় দশকে এ ধারণা শুধু পাল্টে যায়নি। পুরোপুরি উল্টে গেছে। কর্তৃত্ববাদী হাসিনা সরকারের তদারকিতে বিভিন্ন প্রতিষ্ঠানের মতো শিল্প-সংস্কৃতি অঙ্গনও পরিকল্পিতভাবে ধ্বংস করা হয়েছে। প্রতিবাদী সত্তাকে নির্বাসনে পাঠানো হয়েছে। পোষা বিড়ালের মতো মিউ মিউ শেখানো হয়েছে জুজুর ভয় দেখিয়ে। দারুণ জনপ্রিয় ও অমিত সম্ভাবনা থাকার পরও মানুষগুলো এখন শুধুই নির্বীজ ফুটফুটে সুন্দর। তাদের রং করা পুতুল মনে করে রাষ্ট্রীয় বৈষম্যে ক্ষত-বিক্ষত বিক্ষুব্ধরা। পরিবর্তিত পরিস্থিতিতে বিখ্যাত কবি তারাপদ রায়ের ততোধিক বিখ্যাত কবিতা 'আমাদের সর্বনাশ হয়ে গেছে' আবৃত্তি করছেন অনেকে। কবি লিখেছেন-"আমরা যে গাছটিকে কৃষ্ণচূড়া গাছ ভেবেছিলাম/ ওর উদ্দেশ্যে ধ্রুপদী বিন্যাসে কয়েক অনুচ্ছেদ/ প্রশস্তি লিখেছিলাম/ গতকাল বলাইবাবু বললেন, 'ঐটি বানরলাঠি গাছ'।... আমরা বুঝতে পারিনি/ আমাদের সর্বনাশ হয়ে গেছে।"

হ্যাঁ, সাধারণ মানুষের এখন এমন অনুভূতি হচ্ছে। বন্যার পানি নেমে গেলে ধ্বংসের রূপ বের হয়। উত্তাল জুলাই-আগস্টের পর বিভিন্ন সেক্টরের ক্ষতগুলো উৎকটভাবে প্রকাশ পাচ্ছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অভ্যুত্থানের সময় বাংলাদেশের সাংস্কৃতিক অঙ্গনের অনেক রথী-মহারথী নির্লিপ্ত ছিলেন। ফ্যাসিস্টের পক্ষে সরাসরি অবস্থান নেওয়া অনেকের কদর্য রূপ বেরিয়ে আসছে। বিশেষ করে, 'আলো আসবেই' নামের অনলাইন গ্রুপে অংশ নেওয়া তারকাদের অন্ধকার দিক ব্যাপকভাবে সমালোচিত হচ্ছে।



ওই গ্রুপের অন্যতম সদস্য, সুদর্শন, সুঅভিনেতা, নায়ক ফেরদৌস। সম্প্রতি বিলুপ্ত হওয়া সংসদের সদস্য ছিলেন তিনি। অনেক আগেই সিনেমায় অভিনয়ের মাধ্যমে ভারত জয়ের(!) সম্মান অর্জন করেন। পরবর্তী সময়ে অভিনয় প্রতিভা কাজে লাগিয়ে পতিত প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘনিষ্ঠ হন। চলচ্চিত্র ছেড়ে আওয়ামী লীগ সরকারের নানা বিতর্কিত কর্মকাণ্ডের পক্ষে সাফাই গাইতে থাকেন। ত্যাগী নেতাদের টপকে রাজনীতিতে অনভিজ্ঞ ফেরদৌস খোদ রাজধানীর গুরুত্বপূর্ণ আসনের এমপি হন। তার এ দ্রুত সাফল্যের পেছনে ভারত সংযোগ অন্যতম ফ্যাক্টর বলে মনে করেন বিশ্লেষকরা। এতদিন ধরে তিনি ভারতের হয়েই আওয়ামী লীগ করেছেন বলে নিজ দলেই সমালোচনা ছিল। নন্দিত এ নায়ক হাসিনা রেজিমের অংশ হিসেবে জনতার কাছে এখন নিন্দিত খলনায়ক। আরেক পতিত নায়িকা তো অরুণোদয়ের সময় ছাত্র-জনতার আন্দোলনে গরম জল ঢেলে দিতে চেয়েছিলেন। তিনি জানতেন না, বিপ্লবীরা রাজপথে গরম রক্ত ঢেলে ভাসিয়ে দিয়েছে জগদ্দল পাথর। করুণা হয় ওই যাত্রাবালার জন্য। অথচ, তার বাবা ছিলেন গণমানুষের প্রিয় যাত্রাসম্রাট। এসব অবশ্য নতুন কিছু নয়। রাজা-বাদশাহদের বিনোদনের জন্য প্রাগৈতিহাসিক কাল থেকেই বিখ্যাত নট-নটী জোগাড় করা হতো। সেবা দিতে দিতে তাদের অনেকে ক্ষমতার অংশও উপভোগ করেছে কালে কালে। তবে প্রকৃত সংস্কৃতিসেবীরা কখনো স্বৈরাচারের দোসর হন না। নানা প্রলোভন বা হুমকিতে টলেন না। প্রয়াত স্বৈরাচার এরশাদ দেশের কবি-সাহিত্যিক-শিল্পীদের নানা উপঢৌকন দিয়েও শেষরক্ষা পাননি। দেশের শিল্পাঙ্গনের পুরোধা ব্যক্তিরা ছিলেন তার বিরুদ্ধে একাট্টা। অথচ ২০২৪-এর অভ্যুত্থানে তাদের অবস্থান হলো তার উল্টো।

প্রলেতারিয়েতের কবি হিসেবে পরিচিতরা হাসিনা রেজিমে রাজকবির সুবিধা ভোগ করেছেন। 'হুলিয়া'র কবিও শিশু-কিশোরদের প্রাণঘাতী বিপ্লব কীভাবে 'ভুলিয়া' থাকেন, তা নিয়ে প্রশ্ন উঠেছে। অনাগত ভবিষ্যতে হয়তো লেখক-গবেষকদের রচনায় উঠে আসবে এ কর্তৃত্ববাদী শাসনের ইতিবৃত্ত। এ শ্যামল বাংলায় কীভাবে বিকৃত হলো ফ্যাসিস্ট সরকার! স্বৈরাচার শাসকরা যেনতেনভাবে শুধু ক্ষমতা ধরে রাখতে চায়। ক্ষমতার মাধ্যমে দুর্নীতির বিস্তার করে। অনুসারীদের টাকা এবং পেশিশক্তিতে অপরাজেয় দানব করে তোলে। আর ফ্যাসিস্টরা শুধু ক্ষমতা পাকাপোক্ত ও দুর্নীতিতে সীমাবদ্ধ থাকে না। তারা দেশের সংস্কৃতিই পাল্টে দেয়। প্রতিবাদের ভাষা মুছে ফেলে। নিজেদের দলীয় আদর্শকে সর্বজনীন করতে চায়। এজন্য মানসিক ও শারীরিক দমন-পীড়নে বিনিয়োগ করে। নিজেদের রাজনৈতিক দল এবং নেতাকে অলঙ্ঘনীয় ধর্মের মতো মান্য করে। জনগণকেও নানা অসিলায় এরপর ১৬ পৃষ্ঠায়

# অন্তর্বর্তীকালীন সরকারের সামনে অনেক চ্যালেঞ্জ

> তত্ত্বাবধায়ক সরকার কঠোর হস্তে এ ধরনের অবৈধ কর্মকাণ্ড দমন করে জনগণের জান মালের নিরাপত্তা দিতে হবে। মনে রাখতে হবে এ সরকার কারো দয়ায় ক্ষমতায় আসেনি। ছাত্রদের স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ে ফিরে যেতে হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানের সুন্দর শিক্ষার পরিবেশ বজায় রাখাই তাদের উদ্দেশ্যে হোক। বাঙালী আশাবাদী জাতি। মাঝে মধ্যে এইসব দুষ্কৃতকারীদের কার্যকলাপে জাতিকে হোঁচট খেতে হয়। কিছু কিছু প্রশ্নও দানা বাঁধে। একমাস সময় এই সরকারের জন্য খুবই সামান্য। এই স্বল্প সময়ের মধ্যে জাতীয়, আন্তর্জাতিকভাবে গৃহীত শত শত পদক্ষেপ সর্ব মহলে প্রশংসিত হয়েছে। বলতেই হবে ধ্বংসস্তূপের মধ্য থেকে সকল জাতীয় এবং আন্তর্জাতিক ষড়যন্ত্র ও চক্রান্ত মোকাবেলা করে ড.মোহাম্মদ ইউনুসের নেতৃত্বে জাতি ঘুরে দাঁড়াবার সাহস পেয়েছে

শাহাব উদ্দীন



গত ষোল বছর বাংলার জনগণের বুকের উপর জগদ্দল পাথরের ন্যায় ভোটার বিহীন নির্বাচনের মাধ্যমে বসে ছিল আওয়ামী লীগ সরকার। এ সরকারের বিরুদ্ধে দীর্ঘ রক্তক্ষয়ী সংগ্রাম চলেছে, শেষ পর্যন্ত শিক্ষার্থীদের কোটা সংস্কারের আন্দোলনের কাছে পরাজিত হয়ে প্রধানমন্ত্রী দেশ থেকে পালিয়ে যেতে বাধ্য হলেন। ছাত্র-গণ অভ্যুত্থানের মধ্য দিয়ে আওয়ামী সরকারের পতনের পর কায়েম হয়েছে অন্তর্বর্তীকালীন সরকারের। এ সরকারের বয়স মাত্র এক মাস। এদের সামনে এখন এখন অনেক চ্যালেঞ্জ।
এই সরকারের কাছে মানুষের প্রত্যাশাও অনেক। কিন্তু পতিত স্বৈরাচারী সরকার দেশের মূল ভিত্তি আইন বিভাগ ,বিচার , শাসন ব্যবস্থা , পুলিশ সহ প্রশাসনের রন্ধ্রে রন্ধ্রে, দলকানা , ঘুষ , দুর্নীতিবাজদেও বসিয়ে দিয়ে গেছে। ২০০৯ সালে দিন বদলের অংগীকার নিয়ে ক্ষমতায় এসে শেখ হাসিনা নিজের পরিবার ও দলীয় লোকজনের ভাগ্য পরিবর্তন করে তাদের দানবে পরিণত করেছেন। হাজারো মানুষের আত্মদান ও পঙ্গুত্ব বরণের মধ্যে দিয়ে পাঁচই আগস্ট ছাত্র জনতা সফল হয় সরকার উৎখাতে। গণ অভ্যুত্থানের পর দেশের বরেণ্য অনেক ব্যক্তির নাম প্রধান উপদেষ্টা এবং অন্তরবর্তীকালীন সরকারের প্রধান হিসেবে শোনা গেলেও শেষ পর্যন্ত বৈষম্য বিরোধী ছাত্র নেতৃত্বের সিদ্ধান্তেই সব কিছু চূড়ান্ত হয়। কারণ গণঅভ্যুত্থানের সময় বিভিন্ন রাজনৈতিক দল মাঠে থাকলেও নেতৃত্বে ছিল ছাত্ররা। বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো ছাত্র নেতারা আন্দোলনের পর ক্ষমতার ভাগ নেয়। ছাত্র সমাজের আন্দোলন ও সংগ্রামের গৌরবজ্জ্বল অতীত রয়েছে। ৫২'র ভাষা আন্দোলন থেকে ৭১-এর মুক্তিযুদ্ধ এবং ৯০-এর গণঅভ্যুথানে স্বৈরাচারী এরশাদের পতনের পরও ছাত্র সমাজ শিক্ষাঙ্গনে ফিরে যায়। রাজনীতিবিদরা দেশ পরিচালনা করেন। কিন্তু এবারই বাংলার রাজনীতির ইতিহাসে নূতন মাত্রা যোগ হলো। সকল আন্দোলনকারী দল জাতীর স্বার্থে তাদের সহায়তা করে যাচ্ছে। অনাগত ভবিষ্যতই নির্ধারণ করবে তাদের সাফল্য-ব্যর্থতা ।
দীর্ঘদিনের নিপীড়ন-নির্যাতনের কারণে মানুষের মনে চাপা আগুন দাউ দাউ করে জ্বলছিল । কোটা আন্দোলনের নেতৃত্ব বিচক্ষণতার সাথে সেই বারুদে আগুন দিয়েছেন মাত্র। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে কয়েকজন সমন্বয়কের নেতৃত্বে এতবড় সফল গণঅভ্যুথানের দৃষ্টান্ত বাংলাদেশে শুধু নয় বিশ্বের ইতিহাসে বিরল। আমাদের দেশের আন্দোলনকে রোল মডেল হিসাবে পাকিস্তান ,ভারতের পশ্চিমবঙ্গ সহ বিশ্বের কয়েকটা দেশের ছাত্রসমাজ গ্রহণ করেছে, তাদের আন্দোলনকে তীব্রতর করে তুলছে। কোটা আন্দোলনের সূত্রপাত ২০১৮ সালের মার্চ মাসে। তখন দাবি ছিল , কোটাভিত্তিক পদ কমানো , শূন্যপদে মেধা ভিত্তিক নিয়োগ , সরকারি চাকরিতে সবার জন্য অভিন্ন বয়সসীমা ইত্যাদি। এই দাবীতে ছাত্র সমাজ রাস্তায় নামে। সে সময় পুলিশ ও ছাত্রলীগ দিয়ে আন্দোলনকারী শিক্ষার্থীদেও ওপর অত্যাচার ও নির্যাতন করা হয়েছে। আন্দোলনের চাপের মুখে প্রধানমন্ত্রী কোটা বাতিল করে দিলে শেষ পর্যন্ত এই দাবি আদালত পর্যন্ত গড়ায়। কিন্তু পাঁচই জুন ২০২৪ হাইকোর্ট কোটা প্রথা বহালের পক্ষে অর্থাৎ ছাত্রদের বিপক্ষে রায় দেয় । পরদিন ছয়টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা মিলে মিছিল সহকারে শহীদ মিনারে প্রতিবাদ সভা করে। ৬ই জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা 'বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের' ব্যানারে সংগঠিত হয়ে ২০১৮ সালের সরকারি আদেশ পুনর্বহালের অর্থাৎ কোর্টের কোটা বাতিলের আদেশ প্রত্যাহার করার দাবি জানান। কিন্তু ৪ জুলাই সুপ্রিম কোর্টের আপিল বিভাগ পাঁচ জুনের হাইকোর্টের রায় বহাল রেখে পুনরায় সিদ্ধান্ত দেন। পরদিন ছয় জুলাই শিক্ষার্থীরা 'বাংলা ব্লকেড' নামে আন্দোলনের কর্মসূচি ডাক দেয়। আন্দোলন জঙ্গী আকার ধারণ করলে মন্ত্রীর নির্দেশে ছাত্রলীগ ,ও পুলিশ চরম দমন নিপীড়ন শুরু করে। ১৪ জুলাই শেখ হাসিনা আন্দোলনরত শিক্ষার্থীদের রাজাকারের সন্তানের সাথে তুলনা করলে তার প্রতিবাদে হাজার হাজার ছাত্র রাস্তায় নেমে আসে। শিক্ষার্থীরা শ্লোগান তুলে 'তুমি কে আমি কে রাজাকার রাজাকার. কে বলেছে কে বলেছে স্বৈরাচার স্বৈরাচার', 'লেগেছে রে লেগেছে রক্তে আগুন লেগেছে', 'কোটা না মেধা ,মেধা মেধা।' এইসব গগন বিদারী শ্লোগান নিয়ে সারা দেশে ছাত্র জনতা পুলিশের গুলি , টিয়ারগ্যাস , রাবার বুলেটের সামনে দাঁড়িয়ে যায় । আন্দোলন দাবানলের মতো ছড়িয়ে পড়ে। ষোলই জুলাই রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের নিরস্ত্র শিক্ষার্থী আবু সাইদকে সরাসরি বুকে গুলি কওে হত্যা করা হয়। এরপর থেকে সারাদেশের স্কুল কলেজ , বিশ্ববিদ্যালয়ের ছাত্র জনতা একাকার হয়ে রাজপথ দখলে নেয়। 'কমপ্লিট শাট ডাউন ,মার্চ টু ঢাকা' ইত্যাদি নিত্য নতুন শ্লোগানের মাধ্যমে মানুষকে উজ্জীবিত করে কর্মসূচি দিতে থাকে। সারা দেশের মানুষ কারফিউ, দেখামাত্র গুলির সামনে অকাতরে জীবন দিতে থাকে। ছাত্রদের কোটা সংস্কার আন্দোলন তখন শেখ হাসিনা পতনের একদফার আন্দোলনে পরিণত হয়। অতি দ্রুত দেশের পটপরিবর্তন হয়ে গেল পাঁচই আগস্ট হাসিনার পদত্যাগের মধ্য দিয়ে। বোন রেহানাকে নিয়ে দেশ ছেড়ে পালিয়ে যান তিনি। স্বৈরাচারী একনায়ক শেখ হাসিনার পতনের পর দেশের মানুষ হাফ ছেড়ে বাঁচে।
গণঅভ্যুথানের পর আটই আগস্ট এরপর ২০ পৃষ্ঠায়






## পথমেলা কমিটি

**মেলা উপদেষ্টা:**
গিয়াস আহমেদ
হারুন ভূইয়া
শাহ্ নেওয়াজ
পিয়ার মোহাম্মদ
জাকারিয়া মাসুদ
আবুল ফজল দিদারুল ইসলাম
আসিফ বারি টুটুল
মহসিন ননী
কাজী মন্টু
মোহাম্মদ আজীজ
ননী মহসিন
আব্দুর নুর ভূইয়া
সরোয়ার চৌধুরী (সিপিএ)
কাজী সামসুদ্দোহা
বাবু খান (প্রিমিয়াম)
আবু নোমান শাকিল (ইত্যাদি)
জাফর মাহমুদ
পারভেজ কাজী
ড: শাহজাদী পারভিন
মোল্লা মাসুদ
আসাদুল বাড়ি আসাদ
জামিলুর রহমান
ডু: রফিক আহমেদ
সিপিএ চিশতি
এটর্নী মঈন চৌধুরী
আজিজুল এইচ চৌ মাসুম
বেলাল হোসাইন (বাংলা ট্রাভেল)
মাকসুদুর রহমান
রাজীব হক (ফার্মেসী)
মালেক (স্ট্যান্ডার্ড)
মাহমুদ
হেলাল খান
ওয়ালী খান
খাইরুল বাশার (ইসক)
জামিল (বেংগল হোমকেয়ার)
মাহবুব এ চৌধুরী
আনোয়ার জাহীদ
মাহমুদ রহমান
ড. তৌহিদ শিবলী
ড. ইহতেশাম হক
প্রদিপ শাহা
ডু. নাঈমা খান
লিয়াকত আলী
মীর নিজামুল হক
সান্টু

**স্টল**
মাহমুদ হোসেন (বাদশা)
শাখাওয়াৎ বিশ্বাস

**লটারি**
শাহ্ চিশতি
কামরুজ্জামান বাচ্চু
আবুল হাসান
আবতাবুজ্জামান শিমুল

**সাংস্কৃতিক**
রাশেদ আহমেদ
ড. রফিক আহমেদ
ইসতিয়াক রুমী
জাফরুল্লাহ্ মিলান

**ট্রেজারার**
আবুল হাসান (ইঞ্জি.)
সিপিএ সরোয়ার চৌধুরী
সেলিম হারুন
সিপিএ চিশতি

**স্টেজ এন্ড ক্রেষ্ট**
হাসান জিলানী
আলমগীর খান আলম
মোশাররফ হোসেন
রুহুল আমিন সরকার

**অভ্যর্থনা**
মো: আজাদ
এএসএম উদ্দিন পিন্টু
দেওয়ান মনির
মনিরুল ইসলাম

**প্রচার ও প্রকাশনা**
আতিকুল ইসলাম জাকির
শাহীন (ঈশিকা প্রিন্টিং)
বশির আহমেদ
আবুল কাশেম

**টেক**
রিজু মোহাম্মদ
এস.কিউ আলম
আলম (মাল্টি সার্ভিস)
ফারুক আহমেদ
আহমেদ সোহেল
কালাম জুয়েলার্স
মমিন মজুমদার
মনিরুল ইসলাম

**পরিষ্কার পরিচ্ছন্নতায়**
রনজিত দেব
মনিরুজ্জামান
আবুল কালাম আজাদ

**সিকিউরিটি**
ফাহাদ সোলায়মান
মাকসুদ এইচ চৌধুরী

# জ্যাকসন হাইটস্ বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন অব এনওয়াই (জেবিবিএ)
# JACKSON HEIGHTS BANGLADESHI BUSINESS ASSOCIATION OF NY (JBBA)

JBBA®

JACKSON HEIGHTS POTHOMELA 2024

জ্যাকসন হাইটস্

# পথমেলা

পথমেলা


2024

র‍্যাফেল ড্র
১ম পুরস্কার গাড়ী সহ
আরও আকর্ষনীয় পুরস্কার



সঙ্গীত পরিবেশনায়:
দেশ ও প্রবাসের জনপ্রিয় শিল্পীবৃন্দ

## SATURDAY SEPTEMBER 14, 2024
TIME: 12PM-7PM PLACE: 37 ROAD & 77TH ST



**শাহ্ নেওয়াজ**
চেয়ারম্যান

**মো: কামরুজ্জামান কামরুল**
আহ্বায়ক

**তারেক হাসান খান**
সদস্য সচিব

**মো: সেলিম হারুন**
প্রধান সমন্বয়কারী

**জেড আলম নমি**
সমন্বয়কারী

**মনসুর চৌধুরী**
কো চেয়ারম্যান

**মোল্লা মাসুদ**
কো চেয়ারম্যান

**মফিজুর রহমান**
কো চেয়ারম্যান

**যুগ্ম আহ্বায়ক**
জেএ. চৌধুরী, আকাশ রহমান, আরিফ শাহরিয়ার, মো: কাশেম, জাহাঙ্গীর জয়, ভেজা রশিদ, রবি আলিয়াম, শাহেদ মল্লিক, নুরুল আমিন বাবু, রানা হোসাইন, সনাতন শীল, সুজন দেবনাথ।

**যুগ্ম সদস্য সচিব**
শাহাদাৎ হোসেন রাজু, মাসুদ রানা তপন, জাহাঙ্গীর জয়, আব্দুল আলীম, খালেদ, আলমগীর খান আলম, সাহেদ (মল্লিক), মাসুদ রানা সাইমন (এমএলএম), আনিসুর রহমান।

**গ্র্যান্ড স্পন্সর**
সি এল টি হোম কেয়ার
পেশেন্ট হোম কেয়ার
আজিজ ডায়মন্ড
কার্স এভি
জুল কালীট হোম কেয়ার
বর্তিক চৌধুরী (জেল ডাইরেক্টর)
রহমান (বেংগল)

**স্পন্সর**
প্যাটেল ব্রাদার্স
সিকে ফিশ
শাহ্ জালাল
হক এন্ড সন্স
সাউথ এশিয়া
এশিয়া ফুড
স্কয়ার ডিস্ট্রিবিউটর
জেভকে ২ ডিস্ট্রিবিউটর
মাছওয়ালা ডিস্ট্রিবিউটর
আজিজ ব্রুটার হাউজ
মক্কা হালাল
আবির হালাল
বিসমিল্লাহ পোলট্রি
হাট বাজার
প্রিমিয়াম সুপারমার্কেট
ইত্যাদি সুপারমার্কেট
আপনা বাজার
দাশ আঙ্কেল
সোনা চাঁদি
বাংলা গোল্ড
মান্নান সুপারমার্কেট
খামার বাড়ি
নবান্ন রেস্টুরেন্ট
মামাস রেস্টুরেন্ট
গ্রোবাল
নাভিনা
ঈশিকা প্রিন্টিং
মইনুল রিয়েলটর
শাহ্ ভাই
ফাউমা
মিন চৌধুরী
ক্রস ফিনার
সেলিম আত্তার
মাসুদ রানা
মফিজ
কর্ণফুলী ট্রাভেলস
কর্ণফুলী ইনস্যুরেন্স
জমজম ট্রাভেলস
নুরুল আজিম
আজম সোহাগ ভাই
খলিল বিরিয়ানি
মাছ বাজার
মিনা বাজার
আব্দুল আলীম
গ্লোবাল ট্রাভেলস
শিশির রিয়েলটর

SHAH NAWAZ Ph: 718-775-7852
Giash Ahmed Chairman/CEO Immigrant Elder Home Care LLC Ph: 917-744-7308
SYMBOL OF PURITY APNA BAZAR FARMERS MARKET
BARI HOME CARE
রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট NURUL AZIM 516-451-3740
Moin Choudhury, Esq. Attorney at Law Democratic District Leader at Large, Queens, NY Tel: 917-282-9256
All County Health Care
MHC Cell: 917-889-8661
Dream Sweets
ITTADI Grocery & Halal Meat
CHISHTI CPA PC 347-515-3858 Mohammed Chishti CPA
CK FROZEN FISH & FOOD
CARING FRIENDS DIRECT
AZIZ SLUGHTER HOUSE
MECCA HALAL MEAT
PUTUL DISTRIBUTORS
Shahjalal®
MAMA'S HALAL MEAT & FISH
DESHI DISTRIBUTORS
Khan's Tutorial
HAAT BAZAR
খামার বাড়ি KHAMAR BARI
Khalil Biryani House
TAREQ HASAN KHAN CEO Global MS Inc
নুরুল আমিন বাবু সিইও সাইমন মাল্টি সার্ভিস
FAHAD SOLAIMAN CEO Fauma
DERA Restaurant & Sweets
ASIA FOOD
SOUTH ASIAN FOOD
Mannan SUPERMARKET GROCERY & BAKERY
KARNAFULLY TAX SERVICES
LAW OFFICE OF EHSAN Rafique Ahmed Tel: (917) 442-2872
MAMA'S RESTAURANT TEL: 347 448 6002
কর্ণফুলী ট্রাভেলস এন্ড টুরস Kamruz Zaman Bachchu Ph: 347-465-3220
NABANNO
PATEL BROTHERS
RAHMAN DISTRIBUTORS
Blue Green Insurance Brokerage
sunman express global money transfer
Square Distributor
NAVEENA NOMI
কর্ণফুলী ট্রাভেলস 718-205-6050 718-205-6055

মিডিয়া পার্টনার: CHANNEL i | ঠিকানা | আজকাল | বাংলাদেশ প্রতিদিন | দেশ

স্টল ও বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ: মো: হোসেন বাদশা ৬৪৬-৫৫২-১৩০৯ | ফাহাদ সোলায়মান ৩৪৭-৩৯৩-৮৫০৪ | রাশেদ আহমেদ ৭১৮-৩১৬-১৯৪৮

Utshob Group

Framework Finance LLC

# প্রবাসে থেকে নিশ্চিন্তে
# বাড়ি করুন দেশে

এই প্রথম আপনার USA-এর
ক্রেডিট কোয়ালিফিকেশন দিয়ে
বাংলাদেশে ফাইন্যান্স করতে পারবেন
আপনার স্বপ্নের ফ্ল্যাট/জমিটি

বিস্তারিত জানতে এখনই কল করুন

516-508-6698 (USA)
+880-16786-23252 (BD)

অথবা ভিজিট করুন
www.frameworkfinance.com

118-35 QUEENS BOULEVARD FOREST HILLS TOWER,
#400, FOREST HILLS, NY 11375

NRBC BANK
BUILD
RUPAYAN GROUP
Committed to touch your imagination
FDL lifestyle awaits

# OPEN HOUSE




547 Eldert Ln, Ozonepark/Brooklyn, NY 11208




146-04 116th Ave, Jamaica, NY 11436

# HOUSES FOR SALE

### MULTIFAMILY:

| | |
|---|---|
| 547 Eldert Ln, Ozonepark/Brooklyn, NY 11208, Two Family | $1,299,000 |
| 3543 Willett Ave, Bronx, NY 10465 Two Family | $ 750,000 |
| 33-27 108th Street, Corona, NY 2 Family | $824,900 |
| 27-16 Mcintosh Street, East Elmhurst, 2 Family | $999,000 |
| 2347 Pacific Street,Brooklyn, 2 Family | $875,000 |
| 115-36 172 nd Street, JAMAICA (OCCUPIED) | $920,000 |
| 40-20 80 th Street, ELMHURST, NY 11373 (OCCUPIED) | $1,199,999 |
| 5 Cebra Avenue ,Staten Island, NY 10301, Two Family (OCCUPIED) | $529,900 |
| 243-51 Caney Road, Rosedale, NY 11422 8 Beds 4 Baths | $999,000 |
| 45-47 Potter Lane, Huntington, NY 11743, Multifamily | $729,900 |
| 601 18th Street , Windsor Terrace, Brooklyn, NY 11218 (4 Fam) | $2,150,000 |
| 2347 Pacific Street, Stuyvesant Heights, Brooklyn, NY 11233 | $875,000 |
| 090 Hancock Street, Bushwick, Brooklyn, NY 11221, Multifamily | $1,190,000 |
| 36 Hale Avenue, Cypress Hills, NY 11208, Multifamily | $899,000 |
| 596 Terrace Place, North Boldwin, NY 11510 (8 Beds, 3 Baths) | $825,000 |

### SINGLE FAMILY:

| | |
|---|---|
| 1425 Beach Ave, Bronx, NY 10460 (Bricks Corner) | $650,000 |
| 119-47 145 Street, Jamaica, NY 11436 (Occupied) | $372,500 |
| 36 Perry Street, Hempstead, Long Island, NY 11550 | $517,900 |
| 40 Perry Street, Brentwood, Long Island, NY 11717 | $534,900 |
| 802 Lanark Road, Broad Channel, NY 11693 | $319,000 |
| 104 South 25th Street, Wyandanch, Long Island, NY 11798 | $579,000 |
| 274 Curtin Ave, Westlslip, Long Island, NY 11795 | $809,900 |
| 709 10th Street, West Babylon, Long Island, NY 11704 | $689,900 |
| 1480 Jerusalem Ave, North Merrick, Long Island, NY 11566 | $699,000 |
| 596 Terrace Place, North Boldwin, NY 11510 (8 Beds, 3 Baths) | $825,000 |
| 1226 Dutch Broadway, Valley Stream, NY 11580 Single family | $619,900 |
| 589 County Line Road, Amityville, 4 beds 3 baths NY 11701 | $605,000 |
| 2574 Ocean Avenue, Seaford, NY 11783 Single Family | $639,900 |
| 17 Andrew Lane, Levittown, NY 11756 Single family | $659,000 |
| 2520 Enid Court, Baldwin, NY 11510 5 beds, 2 baths | $734,000 |
| Land: 88-58 Hollis Court Blvd, Queens Village, NY 11427 lot 32x157 | $279,900 |

## And 150+ Bank Owned, Auction & Regular Houses for Sale

**BUY ▮ SELL ▮ RENT ▮ ক্রয় ▮ বিক্রয় ▮ ভাড়া**



## KAMRUZ ZAMAN BACCU
Licensed RE Salesperson

**347-465-3220**

Email: kamruzbaccu1@gmail.com

ISLAND ADVANTAGE REALTY

233 Long Beach Road, Island Park
NY 11558, Tel: 516-368-8500

# সংস্কার অব্যাহত রাখতে হবে

বিএনপি নেতৃত্বাধীন ৭-দলীয় ঐক্যজোট, আওয়ামী লীগ নেতৃত্বাধীন ৮ দল ও ৫-দলীয় বাম মোর্চা, এই তিন জোটের রূপরেখা অনুযায়ী প্রতিষ্ঠিত হয় বিচারপতি সাহাবুদ্দীন আহমদের অন্তর্বর্তী সরকার। সে সরকারের অধীনে অনুষ্ঠিত নির্বাচনে জয়ী হয়ে সরকার গঠন করে বিএনপি। আবার ১৯৯৬ সালে নিজেদের আন্দোলনের ফসল তত্ত্বাবধায়ক সরকারের বদৌলতে ২০০৮ সালেও ক্ষমতায় এসে আওয়ামী লীগ নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতার জোরে ২০১১ সালে সেই তত্ত্বাবধায়ক সরকারকেই গলাটিপে হত্যা করে। সুতরাং এটা প্রমাণিত, দলীয় সরকারের দ্বারা জনগণ-কাঙ্ক্ষিত রাষ্ট্র সংস্কার সম্ভব নয়, অন্তত আমাদের দেশে। নির্বাচনের পর আগামীতে জাতীয় সরকার প্রতিষ্ঠা হলে রাষ্ট্র সংস্কারের কাঙ্ক্ষিত ধারা অব্যাহত রাখা সম্ভব হবে। তবে তা যাতে কথার কথা নয় সে ব্যাপারেও সচেতন থাকা দরকার

## মহিউদ্দিন খান মোহন



অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকের পর বিএনপি মহাসচিব সাংবাদিকদের বলেছেন, এ অন্তর্বর্তী সরকার- যার নেতৃত্বে ড. মুহাম্মদ ইউনূস রয়েছেন, তারা তাদের আন্তরিকতা, দেশপ্রেম ও যোগ্যতা দিয়ে দেশকে খুব দ্রুত একটা স্থিতিশীল অবস্থায় নিয়ে আসতে পারবেন বলে তিনি আশাবাদী। একই সঙ্গে জাতীয় সংসদ নির্বাচনসহ রাষ্ট্রের বিভিন্ন ক্ষেত্রে সংস্কার নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে দ্রুত সরকারের সংলাপেরও দাবি জানান তিনি। অপরদিকে প্রধান উপদেষ্টার প্রেস উইং জানিয়েছেন, বৈঠকে বিএনপি প্রতিনিধি দল অন্তর্বর্তী সরকারের গৃহীত পদক্ষেপগুলোর প্রতি তাদের পূর্ণ সমর্থন ব্যক্ত করেছে। বিএনপি মহাসচিবের বক্তব্য তাৎপর্যপূর্ণ। রাজনৈতিক দলগুলোর সঙ্গে সরকারের যে সংলাপ তারা চাচ্ছিলেন, তা গত ৩১ আগস্ট অনুষ্ঠিত হয়েছে। ১২টি দল ও জোটের নেতারা সেদিন মতবিনিময় করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে। খবরে বলা হয়েছে, রাজনৈতিক নেতৃবৃন্দ রাষ্ট্র সংস্কার প্রশ্নে প্রায় দুই হাজারেরও বেশি দাবি ও প্রস্তাব দিয়েছেন প্রধান উপদেষ্টা বরাবর। তারা প্রয়োজনীয় সংস্কার শেষে দ্রুততম সময়ের মধ্যে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন দাবি করলেও কোনো সময়সীমা বেঁধে দেননি। পক্ষান্তরে প্রধান উপদেষ্টা বলেছেন, জাতীয় নির্বাচনের আয়োজনে অযৌক্তিক সময় নষ্ট করবে না অন্তর্বর্তী সরকার, যৌক্তিক সময়ের মধ্যেই নির্বাচন দেওয়া হবে।

প্রধান উপদেষ্টার সঙ্গে রাজনৈতিক নেতৃবৃন্দের বৈঠকের পর একটি বিষয় স্পষ্ট হয়েছে, রাষ্ট্র সংস্কার প্রশ্নে অন্তর্বর্তী সরকার ও দলগুলোর পারস্পরিক অবস্থানে তেমন একটা ফারাক নেই। গণতন্ত্রে উত্তরণের জন্য সরকার ও রাজনৈতিক দলগুলোর মধ্যে যে আস্থার পরিবেশ এ মুহূর্তে প্রয়োজন, তা সৃষ্টি হয়েছে। এর আগে বিএনপি মহাসচিবের 'অতি দ্রুত নির্বাচনের রোডম্যাপ' দাবি করা নিয়ে সচেতন মহলে যে অস্বস্তি সৃষ্টি হয়েছিল, তাও অনেকটা কেটে গেছে। সরকার ও রাজনৈতিক দলগুলোর সৃষ্ট সমঝোতার পরিবেশ কোনো কারণে বিনষ্ট না হলে দেশে একটি স্থিতিশীল গণতান্ত্রিক ব্যবস্থা ফিরে আসবে বলে সবাই আশাবাদী।

তবে এর আগে বিএনপি মহাসচিবের 'অতিদ্রুত' নির্বাচনের রোডম্যাপ চেয়েছিলেন সরকারের কাছে। সরকারের পক্ষ থেকে বলে দেওয়া হয়েছে সংস্কার শেষেই নির্বাচন হবে। বিএনপি তা মেনেও নিয়েছে। বাংলাদেশের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে বিএনপি এখন অপ্রতিদ্বন্দ্বী দল। নির্বাচন যখনই হোক, দৈবদুর্বিপাক না হলে বিএনপির জয়ী হওয়া ও সরকার গঠনের বিষয়টি মোটামুটি নিশ্চিত। তাহলে কেন এ অতি দ্রুত নির্বাচনি রোডম্যাপ দাবি? কেউ কেউ বলছেন, আঠারো বছর রাষ্ট্রক্ষমতার বাইরে থাকা বিএনপির এখন আর তর সইছে না। অনেকে আবার হাসিনা সরকারের পতনের ক্ষেত্রে বিএনপির ভূমিকা নিয়েও প্রশ্ন তুলছেন। তারা বলছেন, গত পনেরো বছর চেষ্টা করেও বিএনপি শেখ হাসিনার গদিকে এতটুকু টলাতে পারেনি। ওই দীর্ঘ সময়ে তারা বারবার সরকার উৎখাতের 'আলটিমেটাম' দিলেও শেষ পর্যন্ত তা বায়বীয় আস্ফালন হিসেবেই প্রমাণিত হয়েছে। এবার বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন পনেরো দিনে সে অসাধ্য সাধন করেছে। শিক্ষার্থী-জনতার রক্তসিক্ত রাজপথে যে গণঐক্য গড়ে উঠেছিল তার সামনে টিকে থাকতে না পেরে পালিয়ে যেতে বাধ্য হয়েছেন দুঃশাসক শেখ হাসিনা। অবশ্য এটা অনস্বীকার্য যে, শিক্ষার্থীদের আন্দোলনে আওয়ামী লীগ ও তাদের অনুগামী দলগুলো ছাড়া দেশের প্রায় সব রাজনৈতিক দলই সমর্থন দিয়েছিল। সে আন্দোলনের চূড়ান্ত পরিণতির ফসল এ অন্তর্বর্তী সরকার। ফলে বিএনপি শুধু নয়, কোনো রাজনৈতিক দলেরই ক্ষমতার এ পট পরিবর্তনের একক কৃতিত্ব দাবি করার সুযোগ নেই। আর সরকারও কোনো রাজনৈতিক দলের অযৌক্তিক দাবির কাছে নতি স্বীকারে বাধ্য নয়। আবার এটাও ঠিক যে, একটি অনির্বাচিত অন্তর্বর্তী সরকার অনির্দিষ্টকাল রাষ্ট্রক্ষমতায় থাকতে পারে না। নির্বাচিত সরকারের কাছে তাদের অবশ্যই দায়িত্ব হস্তান্তর করতে হবে। তবে সে হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করার জন্য যে পরিবেশ দরকার তা এ সরকারকেই তৈরি করতে হবে। আর সেজন্য দরকার পর্যাপ্ত সময়। গত ২৫ আগস্ট প্রধান উপদেষ্টা জাতির উদ্দেশে দেওয়া ভাষণে বলেছেন, কখন নির্বাচন হবে এবং তারা সরকারের দায়িত্ব ছেড়ে চলে যাবেন, সেটা দেশবাসীকেই ঠিক করতে হবে। তিনি দেশবাসীকে এ সরকারের 'নিয়োগকর্তা' আখ্যায়িত করে বলেছেন, তারা যখন বলবেন, তখনই এ সরকার চলে যাবে। সচেতন ব্যক্তিরা বলছেন, প্রধান উপদেষ্টা তাঁর ভাষণে রাষ্ট্রের যেসব বিষয়ের সংস্কারের কথা বলেছেন, তা সম্পন্ন করতে বেশ, কয়েক বছর সময় লাগবে। কেননা, ড. ইউনূসের হাতে কোনো আলাদীনের চেরাগ নেই যে, তাতে ঘষা দিলে দৈত্য এসে বলবে- 'গোলাম হাজির, হুকুম করো মালিক' এবং তিনি বলবেন- 'সবকিছু সাফ করে দাও' আর চোখের নিমিষে তা হয়ে যাবে।




এদিকে বাংলাদেশ প্রতিদিনের সঙ্গে এক সাক্ষাৎকারে সুশাসনের জন্য নাগরিক-সুজন সম্পাদক ড. বদিউল আলম মজুমদার রাষ্ট্র সংস্কারে ছয় দফা প্রস্তাব দিয়েছেন। তিনি বলেছেন, রাষ্ট্র সংস্কারের জন্য সংবিধানের আমূল পরিবর্তন আনতে হবে, প্রচলিত আইনকানুন যুগোপযোগী করতে হবে, ব্যক্তির পরিবর্তনের পাশাপাশি এরপর ১৬ পৃষ্ঠায়

# গণমাধ্যম এখনো রাষ্ট্রকে ভয় পাচ্ছে কেন?

## রহমান মৃধা


স্বাধীনতা সংগ্রামের পর থেকে বাংলাদেশ অনেক রাজনৈতিক অস্থিরতা ও পরিবর্তনের মধ্য দিয়ে গিয়েছে। একটি স্বাধীন এবং গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে গড়ে ওঠার পেছনে গণমাধ্যমের ভূমিকা বরাবরই গুরুত্বপূর্ণ থাকার কথা ছিল। গণমাধ্যমকে বলা হয় রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ; এর মাধ্যমে জনগণ তথ্য জানতে পারে এবং রাষ্ট্রের কার্যক্রমের উপর নজরদারি চালাতে সক্ষম হয়। তবে দেশ স্বাধীন হওয়ার পর তা কখনও সম্ভব হয়ে ওঠেনি মূলত স্বৈরশাসন এবং দুর্নীতির কারণে। সাম্প্রতিক সময়ে দেশের গণমাধ্যমগুলোর ভূমিকা নিয়ে বিভিন্ন প্রশ্ন উঠছে। বিশেষত, রাষ্ট্র বা প্রশাসনের ভয়ে অনেক ক্ষেত্রে তারা নিরপেক্ষভাবে তথ্য প্রকাশ করতে পারছে না বলে অভিযোগ রয়েছে।

**প্রশাসনের প্রভাব ও গণমাধ্যমের ভয়:**

গণতান্ত্রিক রাষ্ট্রে মত প্রকাশের স্বাধীনতা এবং গণমাধ্যমের স্বাধীনতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু বাংলাদেশে বর্তমানে গণমাধ্যমের উপর যে প্রভাব বা চাপ রয়েছে, তা কি প্রশাসনের প্রভাবের কারণে? যদি সত্যিই তাই হয়, তবে প্রশাসনকে জিজ্ঞাসাবাদ করা উচিত - কোন কারণে এখনও গণমাধ্যমের স্বাধীনতার ওপর এই প্রভাব বিদ্যমান, যখন স্বৈরাচারের শাসনের অবসান হয়েছে?

**অন্য এক সম্ভাবনা: প্রোপাগান্ডা ও পক্ষপাতিত্ব**

তবে বিষয়টি শুধুমাত্র এখানেই সীমাবদ্ধ নয়। অনেক ক্ষেত্রে এমনও হতে পারে যে, কিছু গণমাধ্যম রাষ্ট্রের বিরুদ্ধে প্রোপাগান্ডা ছড়ানোর জন্য বা বর্তমান সরকারকে বিপদে ফেলার উদ্দেশ্যে উদ্দেশ্যপ্রণোদিত সংবাদ প্রকাশ করছে।



আবার, কিছু গণমাধ্যম অতীতের স্বৈরশাসকদের তোষামোদ করে চলেছে তাদের নিজস্ব স্বার্থে বা তাদের নিজস্ব রাজনৈতিক ও আর্থিক স্বার্থ রক্ষার জন্য। এর ফলে, তারা নিজেদের নিরপেক্ষতা বজায় রাখতে পারছে না।

এ বিষয়ে নিজস্ব অভিজ্ঞতা থেকে বলতে পারি যে, সদ্য কিছু গুরুত্বপূর্ণ লেখা গণমাধ্যমে প্রকাশের জন্য পাঠানো হয়েছিল, কিন্তু কিছু গণমাধ্যম সেই লেখাগুলো প্রকাশ করতে দ্বিমত পোষণ করেছে এবং লেখাগুলোকে নাখোশও করেছে। এ থেকেই বোঝা যায়, গণমাধ্যমের একটি অংশ এখনো কেন ভয়ে বা পক্ষপাতিত্বে আবদ্ধ রয়েছে।

**গণমাধ্যমের সততা ও দায়িত্বশীলতা নিশ্চিত করার প্রয়োজনীয়তা:**

একটি রাষ্ট্রের সুসংহত গঠন ও সংস্কারের জন্য গণমাধ্যমের শতভাগ সততা ও নিষ্ঠা নিশ্চিত করা জরুরি। যদি গণমাধ্যম সত্য তথ্য তুলে ধরতে ব্যর্থ হয়, তবে জনগণ যেমন সত্য থেকে বঞ্চিত হবে, তেমনই রাষ্ট্রের উন্নয়ন প্রক্রিয়া জটিলতার সম্মুখীন হবে। সরকারের উচিত একটি স্বাধীন ও নিরপেক্ষ তদন্ত কমিশন গঠন করা, যা গণমাধ্যমের কার্যক্রমের সত্যতা যাচাই করবে এবং প্রোপাগান্ডা ছড়ানোর অভিযোগগুলো খতিয়ে দেখবে।

**সমাধানের পথ কী হতে পারে?**

১. মত প্রকাশের স্বাধীনতা নিশ্চিত করা: প্রশাসনকে নিশ্চিত করতে হবে যে মত প্রকাশের স্বাধীনতা সাংবিধানিকভাবে সুরক্ষিত এবং তা রক্ষায় তারা প্রতিজ্ঞাবদ্ধ।

২. নিরপেক্ষ তদন্ত কমিশন গঠন: প্রশাসনের উপর গণমাধ্যমের উপর যে কোনো ধরনের হস্তক্ষেপ বা চাপের অভিযোগ রয়েছে, তা নিরপেক্ষভাবে তদন্ত করার জন্য একটি স্বাধীন তদন্ত কমিশন গঠন করা প্রয়োজন। এছাড়া গণমাধ্যমের প্রোপাগান্ডা বা পক্ষপাতমূলক আচরণের অভিযোগগুলোকেও যথাযথভাবে খতিয়ে দেখা উচিত।

৩. গণমাধ্যম নীতি ও নিয়মাবলির সংস্কার: গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করার জন্য নীতি ও নিয়মাবলির সংস্কার প্রয়োজন, যাতে গণমাধ্যম তার দায়িত্বশীল ভূমিকা পালন করতে পারে এবং জনগণকে সঠিক তথ্য প্রদান করতে পারে।

**সরকারের করণীয় ও দায়িত্ব:** এরপর ১৬ পৃষ্ঠায়

